গাংনী, ভাটপাড়ায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জনদুর্ভোগে পড়েছে প্রায় অর্ধশত পরিবার

হঠাৎ আষাঢ়ের অবিরাম বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়ে জনদুর্ভোগে পড়েছে মেহেরপুরের গাংনী উপজেলার ভাটপাড়া গ্রামের প্রায় অর্ধশত পরিবার। বৃহস্পতিবার সন্ধ্যা থেকে সারারাত ভারী বৃষ্টিতে জলাবদ্ধতা সৃষ্টি হয়।

স্থানীয়রা পানি নিষ্কাশন না করতে পারায় এ পর্যন্ত মানবেতর জীবনযাপন করছে পানিবন্দি মানুষ গুলো। স্থানীয়রা জানান, ভাটপাড়া গ্রামের উপর দিয়ে পাকা রাস্তা নির্মাণ করার সময় পানি নিষ্কাশনের জন্য রাস্তার মাঝখানে কালভার্ট ব্যবহার করার দাবি জানিয়েছিল এলাকাবাসী।

কিন্তু সড়ক ও জনপথ বিভাগ রাস্তা নির্মাণের সময় এলাকাবাসীর দাবি তুচ্ছ ভেবে কালভার্ট না দিয়েই রাস্তা নির্মাণ কাজ শেষ করেন। সেই থেকেই গ্রামের এক অংশের মানুষ অল্প বৃষ্টি হলেই পানিবন্দি হয়ে পড়ে।

বৃহস্পতিবার দিনগত রাতে বৃষ্টি হওয়ায় অর্ধশত বাড়ি পানিবন্দি হয়ে পড়লে চরম দুর্ভোগ সৃষ্টি হয়।শুক্রবার সকালে এলাকাবাসী উপজেলা প্রশাসনকে মোবাইল ফোনে দুর্দশার কথা জানালে গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ ও উপজেলা এলজিইডি অফিসে কর্মরত একজন সহকারী প্রকৌশলী ঘটনাস্থলে এসে পানিবন্দি মানুষের দুর্দশা লাঘবের স্থায়ী সমাধানের প্রতিশ্রুতি দেন।

অপরদিকে পানিবন্দি হয়ে পড়া ভাটপাড়া গ্রামের অর্ধশত পরিবার পরিজন নিয়ে পানিবন্দি অবস্থায় মানবেতর জীবনযাপন করছেন।
গাংনী উপজেলা নির্বাহি অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ মেহেরপুর প্রতিদিনকে জানান, জনগণের জনদুর্ভোগ তুলে ধরে মেহেরপুর প্রতিদিন অনলাইনে খুব সকালেই লাইভ দেখে এবং স্থানীয়দের অভিযোগে ঘটনাস্থলে পৌঁছে পানি নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা করা হবে বলে এলাকাবাসী কে আশ্বস্ত করা হয়েছে।

সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন আর নেই

সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী অ্যাডভোকেট সাহারা খাতুন মারা গেছেন। বৃহস্পতিবার (৯ জুলাই) থাইল্যান্ডের একটি হাসপাতালে তিনি মৃত্যুবরণ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিল ৭৭ বছর।

এর আগে ২ জুন জ্বর, অ্যালার্জিসহ বার্ধক্যজনিত বিভিন্ন রোগে অসুস্থ অবস্থায় সাহারা খাতুনকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে তার অবস্থার অবনতি হলে ১৯ জুন সকালে তাকে আইসিইউতে নেওয়া হয়।

এরপর অবস্থার উন্নতি হলে তাকে গত ২২ জুন দুপুরে আইসিইউ থেকে এইচডিইউতে (হাইডিপেন্ডেন্সি ইউনিট) স্থানান্তর করা হয়। পরে ২৬ জুন সকালে শারীরিক অবস্থার অবনতি হলে আবারও তাকে আইসিইউতে নেওয়া হয়।

এরপর তার অধিকতর উন্নত চিকিৎসার জন্য গত ৬ জুলাই চিকিৎসার জন্য তাকে থাইল্যান্ড নেওয়া হয়। সেখানে বামরুনগ্রাদ হাসপাতালে তিনি চিকিৎসা নেন।

মেপ্র/এমএফআর

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার করোনা আক্রান্ত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা সমবায় অফিসার অশোক কুমার বিশ্বাস করোনা আক্রান্ত হয়েছেন।

আজ বৃহস্পতিবার তাঁর করোনা সনাক্ত হয়েছে বলে নিশ্চিত করেছেন জেলা সমবায় অফিসার সৈয়দ জসিম উদ্দিন। বর্তমানে তিনি খুলনার করোনা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। করোনা পরিস্থিতিতে তিনি উপজেলার বিভিন্ন ত্রাণ সামগ্রী বিতরণসহ সরকারি বিভিন্ন কাজে দায়িত্ব পালন করেছেন।

মুজিবনগরে সরকারি ঘর তৈরিতে নিম্নমানের সামগ্রী:: পুনরায় প্লাস্টারের নির্দেশ ইউএনওর

মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়নের বিদ্যাধরপুর গ্রামের ফিরাতুল ইসলাম নামের একজনের বাড়িতে সরকারী ঘর তৈরিতে নিম্নমানের সামগ্রী দেওয়ায় নতুন করে প্লাস্টার করা,জানালার গ্রীল ও দরজা পরিবর্তন করার নির্দেশ দিয়েছে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি।

বৃহস্পতিবার দুপুরে সরজমিনে পরিদর্শনে গিয়ে তিনি দারিয়াপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তৌফিকুল বারি বকুলসহ স্থানীয় ইউপি সদস্য আনসার আলীকে এ নির্দেশ দেন।

পরে তিনি ফেসবুক আইডিতে ঘর তৈরিতে নিম্নমানের সামগ্রী বিষয় তুলে ধরে পোষ্ট দেন।

কিন্তু কাজ নিম্নমানের বিষয়ে ভিন্ন কথা বলে, ইউপি সদস্য আনসার আলী জানান,আমার কাজ অন্য সকল ঘরের থেকে ভালো হয়েছে। এছাড়া সবচেয়ে বেশি সিমেন্ট দেওয়া হয়েছে। ইউএনও স্যার বড় লাঠি দিয়ে ঘষা দিয়েছে তাই প্লাষ্টার উঠে গিয়েছে।

উপজেলা নির্বাহী অফিসার উসমান গনি জানান, সারা বাংলাদেশের সকল উপজেলার মত মুজিবনগর উপজেলাতেও জমি আছে ঘর নেই এরকম অসহায় পরিবারের মাঝে সরকারী ঘরের বরাদ্ধ দেওয়া হয়েছে। যে কাজগুলো করে দিচ্ছে ইউপি চেয়ারম্যানদের আওতাধীন সকল ইউপি সদস্যগন।

কিন্তু উপজেলার অন্য সকল ঘরের মান ভালো থাকলেও দারিয়াপুর ইউনিয়নের বিদ্যাধরপুর গ্রামের একটি ঘরের মান খুবিই খারাপ। ইটের উপর প্লাষ্টার এবং রং করা আছে সেগুলো সব একটু কাঠি দিয়ে ঘষা দিলেই সব রং এবং প্লাষ্টার উঠে পরছে।

এমনকি জানালার যে গ্রীল ও দরজা আছে সেটি খুব নিম্ন মানের।

আজ সরজমিনে পরিদর্শনে গিয়ে সেটি চোখে পরলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউপি সদস্যকে ডেকে নতুন করে প্লাষ্টার, গ্রীল ও দরজা পরিবর্তন করার নির্দেশ দেওয়া হয়।

আলমডাঙ্গা উপজেলার চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালিত

গাছ লাগান পরিবেশ বাঁচান” ।এই শ্লোগানকে সামনে রেখে জাতির জনক বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ ঘটিকার সময় চিৎলা ইউনিয়ন হাপানিয়া স্কুল মাঠে ইউনিয়ন আওয়ামী যুবলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক জনাব নঈম হাসান জোয়ার্দ্দার।উপস্থিত ছিলেন জেলা যুবলীগের যুগ্ন আহ্বায়ক জনাব জিল্লুর রহমান জিল্লু, হাপানিয়া ক্যাম্প ইনচার্জ মোস্তফা, জেলা যুবলীগের সদস্য হাফিজুল ইসলাম হাপু,আরিফ, সৈকত। আরো উপস্থিত ছিলেন চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের আহবায়ক জনাব ইমদাদুল হক, যুগ্ন আহবায়ক রবিউল ইসলাম মল্লিক, জনাব শাহ্ আল ইমরান, মনজুর রহমান মঞ্জু, ইউনিয়ন যুবলীগের সদস্য শাহনেওয়াজ সজল, টিটু, আলাউদ্দিন, সাইদুর, আলম প্রমুখ।

জেলা যুবলীগের আহ্বায়ক নঈম হাসান জোয়ার্দ্দার বলেন, বৃক্ষরোপণ

একটি মহৎ কাজ। প্রত্যেকে একটি করে ফলোজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে হবে।
এরপর তিনি নিজে গাছ লাগানোর কাজে অংশগ্রহণ করেন।

প্রিয় মেহেরপুর গ্রুপের মাস্ক বিতরণ

প্রিয় মেহেরপুর গ্রুপের পক্ষ থেকে অটোরিকশা, ভ্যান চালক, মোটর সাইকেল, আরোহীদের মধ্যে পাঁচ’শ মাস্ক বিতরণ করা হয়।

বৃহস্পতিবার বিকালে মেহেরপুর সদর ওয়াবদার মোড়ে খালিদ হাসান মাস্ক বিতরণ কর্মসূচী শুভ উদ্বোধন করেন। এসময় তিনি বলেন সারা বিশ্বের ন্যায় বাংলাদেশেও প্রাণঘাতী করোনাভাইরাসের আক্রান্তের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। তারই পরিপেক্ষিতে আজ আমরা কিছু সংখ্যক মানুষের মাঝে মাস্ক বিতরণ করেছি।

এসময় উপস্থিত ছিলেন সাজুল, আকাশ শাহজাদা, সোহান,তহির, দিপু, মুন্না, রাসেলসহ গ্রুপের সদস্যবৃন্দ

ইউপি চেয়ারম্যান আয়ূব হোসেনের বিনামূল্যে মাস্ক বিতরন

করোনার প্রকট থেকে রক্ষা পেতে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের জনগনের মাঝে বিনামূল্যে মাস্ক বিতরন করেছে বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন।

বৃহস্প্রতিবার বিকালে সোনাপুর বাজারে এ সকল মাক্স সকল জনগনের মাঝে বিতরন করেন।

এ সময় ইউপি সদস্য সোহরাব হোসেন উপস্থিত ছিলেন।

এ সময় আয়ুব হোসেন বলেন, করোনা ভাইরাস বাংলাদেশে বর্তমানে ভয়াবহ আকারে ধারন করতে শুরু করেছে। দেশের সকল জায়গায় ভাইরাসটি ছড়িয়ে পরেছে। এতে করে প্রতিদিনিই হাজার হাজার মানুষ আক্রান্ত হচ্ছে।

আর এই ভাইরাস থেকে কিছুটা রক্ষা পেতে হলে আমাদের সকলকে নিজের সাবধানতা অবলম্বন করতে হবে। নিজেকে সচেতন হতে হবে।

সকলকে সময় মত হাত ধুতে হবে।বাইরে বের হওয়ার সময় মুখে মাস্ক পরতে হবে। তাহলেই আমরা এই ভাইরাসটি থেকে কিছুটা রক্ষা পেতে পারবো।

আর সেই লক্ষে আমি মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যপক ফরহাদ হোসেনের উদ্যেগে আজ সোনাপুর গ্রামের সাধারন জনগনের মাঝে ৩ শত পিচ মাস্ক বিতরন করেছি।

আগামিতেও প্রতিটা গ্রামে জনগনের মাঝে মাস্ক বিতরন করা হবে। এ সময় তিনি সকলকে মাস্ক পরিধান করার জন্য আহব্বান জানান।

মেহেরপুরে ৭ মামলার পলাতক আসামী গ্রেফতার

মেহেরপুরে ৭টি মাদক মামলার আসামী মিনারুল ইসলাম মিনা নামের এক পলাতক আসামীকে আটক করেছে ডিবি পুলিশ।

বুধবার দিবাগত রাতে এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে শালিকা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক মিনারুল ইসলাম সদর উপজেলার দক্ষিণ শাকিলা গ্রামের মৃত কাদের ঘটক এর ছেলে।

আসামী মিনারুল ইসলাম মিনার বিরুদ্ধে মুজিবনগর থানার ৭ টি মাদক মামলা আদালতে বিচারাধীন রয়েছে।

মেপ্র/এমএফআর

গাংনীতে ছাত্রলীগের বৃক্ষরোপণ কর্মসূচি

মেহেরপুরের গাংনীতে ছাত্রলীগের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করা হয়েছে। বৃহস্পতিবার সকালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয়ে এ কর্মসূচি পালন করা হয়।

জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধনের ততত্বাবধানে কলেজ ছাত্রলীগের সভাপতি ও মেহেরপুর জেলা ছাত্রলীগের উপ-ক্রিড়া সম্পাদক শামীম আহম্মেদ ও গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিল আল যাবীর প্লাবন এর নেতৃত্বে ১ হাজার বৃক্ষরোপণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম সোবহান। উদ্বোধক হিসাবে কর্মসূচী উদ্বোধন করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহাজাহান আলি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন,গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক যুগ্ন-সাধারন সম্পাদক আসিফ ইকবাল অনিকের, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সাইফ হাসান কৌশিক, যুগ্ন-সাধারন সাধারন সম্পাদক তপু রাইহান রবিন, জেলা ছাত্রলীগের ত্রাণ ও দূর্যোগ বিষয়ক সম্পাদক স্বাধীন,ছাত্র বৃত্তি সম্পাদক হিরোক খান,সহ সম্পাদক মেহেদী হাসান,গাংনী পৌর ছাত্রলীগের সাধারন সম্পাদক ওয়ালিল আল যাবীর প্লাবন,গাংনী পাইলট কলেজ ছাত্রলীগের যুগ্ন-সাধারন সম্পাদক তুহিন রেজা,ছাত্রলীগ নেতা মোস্তাফিজুর,মুন্না,ইমন,হ্নদয় প্রমুখ।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে এক চিকিৎসক করোনা আক্রান্ত

মেহেরপুর জেনারেল হাসপাতালের চিকিৎসক আবদুল্লাহ আল আমি করোনা আক্রান্ত হয়েছেন।

আজ বুধবার রাতে এ তথ্য নিশ্চিত হওয়া গেছে। তিনি নড়াউলের নিজ বাসভবনে আইসোলেশনে রয়েছেন।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২০১৫টি। এযাবতকালে মোট পজিটিভ কেইস= ৯৭ (সদর- ৫১ , গাংনী -৩৮, মুজিবনগর -৮)। মৃত্যু – ৬ জন।(সদর-২, গাংনী- ৩, মুজিবনগর -১), সুস্থ্য= ৩৮ জন। ২ জন নতুন (সদর) (সদর-২০, গাংনী -১৫, মুজিবনগর -৩)। ট্রান্সফার্ড- ৯ জন (সদর-৫, গাংনী-৪)।
মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা বর্তমানে ৪৪ (সদর-২৪, গাংনী-১৬, মুজিবনগর-৪) জন।